গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১০০/২০১৯-২০২০

ঢাকা, ১২ নভেম্বর মঙ্গলবার ২০১৯, ২৭ কার্তিক ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। নেপালের রাষ্ট্রপতির আমন্ত্রণে আজ কাঠমাণ্ডু যাচ্ছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ
২। রাজনীতিকে অবৈধ সম্পদ অর্জনের হাতিয়ার করা বন্ধ করতে হবে : রাষ্ট্রপতি
৩। মন্ত্রিসভায় পিপিপি সংশোধন আইনে খসড়া অনুমোদন
৪। পিকেএসএফের উন্নয়ন মেলা আগামী বৃহস্পতিবার শুরু : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৫। রোহিঙ্গারা শুধু বাংলাদেশ নয়, আঞ্চলিক নিরাপত্তার জন্যও হুমকি :
ঢাকা গ্লোবাল ডায়ালগ উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৬। রোহিঙ্গাদের ওপর গণহত্যার অভিযোগে মিয়ানমারের বিরুদ্ধে জাতিসংঘ আদালতে মামলা ওআইসি'র
৭। আরো ১১টি বেসরকারি টিভি চ্যানেল সম্প্রচারের অপেক্ষায় : সংসদে তথ্যমন্ত্রী
৮। দেশের চিনিকলসমূহের আধুনিকায়নে বিএমআর প্রকল্প গ্রহণ করা হচ্ছে : সংসদে শিল্পমন্ত্রী
৯। তিন থেকে চার বছরের মধ্যে শতভাগ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী
১০। সব সেক্টরেই দুর্নীতিবাজদের খুঁজে বের করে ব্যবস্থা : সেতুমন্ত্রী
১১। প্রধানমন্ত্রীর দুর্নীতি বিরোধী অভিযানে প্রশাসনে স্বচ্ছতা নিশ্চিত হবে : গণপূর্তমন্ত্রী
১২। লন্ডন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়েছে 'বাংলা বন্ড'
বাংলা বন্ড বেসরকারিখাতকে এগিয়ে নেবে : অর্থমন্ত্রী
১৩। শান্তি ও স্থিতিশীলতা ছাড়া উন্নয়ন সম্ভব নয় : পররাষ্ট্রমন্ত্রী

চলমান পাতা-২

**১। নেপালের রাষ্ট্রপতির আমন্ত্রণে আজ কাঠমাণ্ডু যাচ্ছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ নেপালের প্রেসিডেন্ট বিদ্যা দেবী ভান্ডারীর আমন্ত্রণে চারদিনের রাষ্ট্রীয় সফরে আজ (১২ নভেম্বর মঙ্গলবার) নেপালের উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন। রাষ্ট্রপতির প্রেস সচিব এ কথা বলেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি নিয়মিত ফ্লাইট (বিজি-৭১) রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে আজ নেপালের উদ্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যাবে। নেপালের প্রেসিডেন্ট বিদ্যা দেবী ভান্ডারী ও নেপালে বাংলাদেশের রাষ্ট্রদূত মাশফি বিনতে শামস বিমানবন্দরে রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানাবেন। আগামী **১৫** নভেম্বর রাষ্ট্রপতির দেশে ফেরার কথা রয়েছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬),**যায়যায়দিন** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**২। রাজনীতিকে অবৈধ সম্পদ অর্জনের হাতিয়ার করা বন্ধ করতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দেশে সুষ্ঠু ও গতিশীল রাজনৈতিক পরিবেশ গড়ে তোলার দায়িত্ব নিতে রাজনীতিবিদদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, একটা শ্রেণি রাজনীতিকে ব্যবসা আর অবৈধ সম্পদ অর্জনে হাতিয়ারে পরিণত করেছে। রাজনীতিতে এ সংস্কৃতি বন্ধ করতে হবে। অন্যথায় রাজনীতি ও রাজনৈতিক নেতৃত্বের প্রতি মানুষের আস্থা ও আগ্রহ কমে যাবে। গতকাল (**১১** নভেম্বর সোমবার) স্পিকার হুমায়ূন রশীদ চৌধুরীর ৯২তম জন্মদিবস উপলক্ষে আয়োজিত এক স্মৃতিচারণ ও আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৩। মন্ত্রিসভায় পিপিপি সংশোধন আইনে খসড়া অনুমোদন**

বিদ্যমান আইনে সরকার টু সরকার প্রকল্প এবং তা বাস্তবায়নের বিধান রেখে বাংলাদেশ সরকারি-বেসরকারি অংশীদায়িত্ব (সংশোধন) আইন, ২০১৯ এর খসড়ার চূড়ান্ত নীতিমালা অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল (**১১** নভেম্বর সোমবার) সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯.ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৪। পিকেএসএফের উন্নয়ন মেলা আগামী বৃহস্পতিবার শুরু : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

দারিদ্র্য বিমোচনে তৃণমূলে জনগোষ্ঠীকে কর্মী ও উদ্যোক্তা হতে সহায়তা দিয়ে আসছে সরকারি ঋণদান প্রতিষ্ঠান পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)। প্রান্তিক এসব উদ্যোক্তার উৎপাদিত পণ্য প্রদর্শন এবং বিক্রির জন্য উন্নয়ন মেলার আয়োজন করছে সংস্থাটি। আগামী ১৪ নভেম্বর বৃহস্পতিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এ মেলা শুরু হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ মেলা উদ্বোধন করবেন। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫)।

**৫। রোহিঙ্গারা শুধু বাংলাদেশ নয়, আঞ্চলিক নিরাপত্তার জন্যও হুমকি :**
**ঢাকা গ্লোবাল ডায়ালগ উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, নির্যাতনের শিকার হয়ে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছে মিয়ানমারের **১১** লাখেরও বেশি রোহিঙ্গা নাগরিক। এরা শুধু বাংলাদেশের জন্য নয়, গোটা আঞ্চলিক নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ। উন্নয়নের জন্য শান্তি এবং সম্প্রীতি বজায় রাখাটা জরুরি আখ্যায়িত করে তিনি এ অঞ্চলের নিরাপত্তা এবং উন্নয়নের স্বার্থে রোহিঙ্গাদের নিজ দেশে টেকসই প্রত্যাবাসনে বিশ্ব সম্প্রদায়কে যথাযথ পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান। গতকাল (**১১** নভেম্বর সোমবার) রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'ঢাকা গ্লোবাল ডায়ালগ-২০১৯' এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৬। রোহিঙ্গাদের ওপর গণহত্যার অভিযোগে মিয়ানমারের বিরুদ্ধে জাতিসংঘ আদালতে মামলা ওআইসি'র**

জাতিসংঘের সর্বোচ্চ বিচারিক সংস্থা ইন্টারন্যাশনাল কোর্ট অভ্ জাস্টিস (আইসিজে) বা আন্তর্জাতিক বিচার আদালতে রোহিঙ্গাদের ওপর গণহত্যা চালানোর অভিযোগে মিয়ানমারের বিরুদ্ধে মামলা করেছে গাম্বিয়া। ইসলামী সম্মেলন সংস্থার (ওআইসি) পক্ষ থেকে গতকাল (**১১** নভেম্বর সোমবার) হেগের আদালতে মামলাটি করেন গাম্বিয়ার অ্যাটর্নি জেনারেল আবুবকর তামবাদউ। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

**৭। আরো ১১টি বেসরকারি টিভি চ্যানেল সম্প্রচারের অপেক্ষায় : সংসদে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ সংসদকে জানিয়েছেন, ৪৫টি বেসরকারি টিভি চ্যানেলকে অনুমতি দেওয়া হয়েছে। এরমধ্যে পূর্ণ সম্প্রচারে রয়েছে ৩০টি। **১১**টি সম্প্রচারের অপেক্ষায় আছে, চারটি ফ্রিকায়েন্সি পায়নি। গতকাল (**১১** নভেম্বর সোমবার) সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এ তথ্য জানান। অপর এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী জানান, সম্প্রচার আইন-২০১৮ (খসড়া) মন্ত্রিসভায় নীতিগত অনুমোদন করা হয়েছে। ভেটিংয়ের জন্য এটি আইন মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। এ আইনের আওতায় সম্প্রচার কমিশন গঠন হলে সোশ্যাল ও ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমের সম্প্রচার নিবিড়ভাবে

তদারকি করা সম্ভব হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩.ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।



**৮।  দেশের চিনিকলসমূহের আধুনিকায়নে বিএমআর প্রকল্প গ্রহণ করা হচ্ছে : সংসদে শিল্পমন্ত্রী**

বর্তমানে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন ১৫টি চিনিকলের মধ্যে অধিকাংশের অর্থনৈতিক আয়ুষ্কাল অনেক আগেই শেষ হয়েছে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, এসব চিনিকল পর্যায়ক্রমে সুষমকরণ, আধুনিকীকরণ ও প্রতিস্থাপন (বিএমআর) প্রকল্প গ্রহণ করা হচ্ছে। বর্তমানে বিএমআর অভ্ কেরু অ্যান্ড কোম্পানি বিডি লিমিটেডের (১ম সংশোধিত) প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে। গতকাল (১১ নভেম্বর সোমবার) জাতীয় সংসদে এক প্রশ্নের উত্তরে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৫,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৫)।

**৯।  তিন থেকে চার বছরের মধ্যে শতভাগ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

আগামী তিন থেকে চার বছরের মধ্যে সারাদেশে শতভাগ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করা সম্ভব হবে বলে সংসদকে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। গতকাল (১১ নভেম্বর সোমবার) সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। বিদ্যুৎ প্রতিমন্ত্রী আরো জানান, দক্ষিণ কোরিয়ায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করতে ৫০ বছর লেগেছে। বাংলাদেশে এত সময় লাগবে না। তবে আগামী তিন থেকে চার বছরের মধ্যে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **নিউ নেশন** (পৃ.১৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১০।  সব সেক্টরেই দুর্নীতিবাজদের খুঁজে বের করে ব্যবস্থা : সেতুমন্ত্রী**

সব সেক্টরে দুর্নীতিবাজ লোকদের খুঁজে বের করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। গতকাল (১১ নভেম্বর সোমবার) রাজধানীর রমনা ইঞ্জিনিয়ার্স ইনিষ্টিটিউশন মিলনায়তনের ঢাকা মহানগর দক্ষিণ শাখা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**১১।  প্রধানমন্ত্রীর দুর্নীতি বিরোধী অভিযানে প্রশাসনে স্বচ্ছতা নিশ্চিত হবে : গণপূর্তমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাম্প্রতিক দুর্নীতি বিরোধী পদক্ষেপ রাজনীতিক ও সরকারি কর্মকর্তা-কর্মচারীদের স্বচ্ছতা নিশ্চিত করবে বলে মন্তব্য করেছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম। তিনি বলেন, একইসঙ্গে ইতিহাসে প্রথমবারের মতো দুর্নীতি বিরোধী এ ধরনের পদক্ষেপ পরবর্তী প্রজন্মকে গুণগত উন্নয়নের স্বপ্ন দেখাচ্ছে। গতকাল (১১ নভেম্বর সোমবার) রাজধানীর একটি হোটেলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) ও ইউনাইটেড ডেলকট ওয়াটার লিমিটেডের মধ্যে এক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.৫)।

**১২।  লন্ডন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়েছে 'বাংলা বন্ড'**
**বাংলা বন্ড বেসকারিখাতকে এগিয়ে নেবে : অর্থমন্ত্রী**

প্রথমবারের মতো লন্ডন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়েছে 'বাংলা বন্ড'। এ বন্ডের মাধ্যমে প্রাথমিকভাবে বাজার থেকে তোলা হবে সাড়ে ৯ কোটি মার্কিন ডলার। অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, বাংলা বন্ডের মাধ্যমে বিদেশ থেকে পাওয়া অর্থ দেশের বেসরকারিখাতকে অনেক দূর এগিয়ে নেবে। আগামীতে আরো ৩০০ মিলিয়ন ডলার (৩০ কোটি ডলার) আসবে। এ বন্ডে কী রকম সাড়া পাওয়া যায়, তার উপর ভিত্তি করে পরবর্তী বন্ড ছাড়ার বিষয়ে সিদ্ধান্ত হবে। গতকাল (১১ নভেম্বর সোমবার) বাংলা বন্ড এর তালিকাভুক্তি উপলক্ষে লন্ডন স্টক এক্সচেঞ্জে এক অনুষ্ঠানের তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**১৩।  শান্তি ও স্থিতিশীলতা ছাড়া উন্নয়ন সম্ভব নয় : পররাষ্ট্রমন্ত্রী**

শান্তি ও স্থিতিশিলতা ছাড়া কোনো রাষ্ট্র বা অঞ্চলের উন্নয়ন ও তাদের লক্ষ্য অর্জন হতে পারে না বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেন। গতকাল (১১ নভেম্বর সোমবার) তিন দিনব্যাপী 'ঢাকা গ্লোবাল

ডায়ালগ' শীর্ষক অনুষ্ঠানের উদ্বোধন অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**=৪=**

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** যেসব ওষুধ উৎপাদনের জন্য কাঁচামাল আমাদানি করতে হয়, সেইসব ওষুধের দাম বাড়ার কথা উল্লেখ করে ওষুধের বাজার নিয়ন্ত্রণে একটি মূল্য নির্ধারণ কমিটি গঠন করার সুপারিশ।

**খ.** **সমকাল :** ঘূর্ণিঝড় 'বুলবুল' নিয়ে যে মাত্রার শঙ্কা সৃষ্টি হয়েছিল বাস্তবে ততটা বিধ্বংসী হয়নি উল্লেখ করে ঘূর্ণিঝড়ের হাত থেকে কৃষি সুরক্ষায় সংশ্লিষ্টদের দীর্ঘমেয়াদে ব্যবস্থা নেওয়ার পরামর্শ।

**গ.** **যায়যায়দিন :** প্রয়োজনীয় ব্যবস্থাপনার কারণে প্রক্রিয়াজাত খাবার রপ্তানি ব্যাহত হচ্ছে উল্লেখ করে সার্বিকভাবে দেশের রপ্তানি পরিস্থিতি আমলে নিয়ে যথাযথ উদ্যোগ নিশ্চিত করার সুপারিশ।

**ঘ.** **যুগান্তর :** জলবায়ু পরিবর্তনসহ বিভিন্ন কারণে দেশের টেকসই উন্নয়নে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নে নানা রকম সমস্যা দেখা দিতে পারে উল্লেখ করে এসব সমস্যা সমাধানে সময়োপযোগী পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** চুয়াডাঙ্গায় অনেক পরিবার ব্ল্যাক বেঙ্গল ছাগল পালন করে স্বাবলম্বী হয়েছে উল্লেখ করে এ দৃষ্টান্ত দেশের অন্যান্য অঞ্চলেও অনুসরণের আহ্বান।

**চ.** **ডেইলি সান:** প্রাকৃতিক দুর্যোগ মোবাবিলায় আমাদের সুন্দরবন রক্ষাকবচ উল্লেখ করে সুন্দরবনের সুরক্ষায় সবাইকে সচেতন হওয়ার পরামর্শ।

**নিবন্ধ ও ফিচার**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'দারিদ্র্য বিমোচনে বর্তমান সরকারের সাফল্য'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, শুধু কৃষিখাতের আধুনিকীকরণ কিংবা শিল্প-কারখানায় বিনিয়োগই নয়, নতুন উদ্যোক্তা তৈরি করে কর্মসংস্থানের জায়গাটিকে সম্প্রসারিত করা হলে দারিদ্র্যসীমা আরো কমবে।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা